


বঙ্গবন্ধু সূজনশীল মেধা অব্যেষণ নীতিমালা, ২০২২ অনুসারে অনন্য সাধারণ মেধা (Extraordinary Talent) অব্যেষণের লক্ষ্যে

গঠিত উপজেলা বাছাই কমিটির সভার কার্যবিবরনী:



সভাপতি	ঃ মোঃ সোহেল রানা
তারিখ	ঃ উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
সময়	ঃ ০৭ এপ্রিল ২০২২ খ্রিঃ
স্থান	ঃ দুপুর ১১.০০ টা



সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” এ দেখানো হলো ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, বর্তমান সরকার অনন্য সাধারণ মেধা অব্যেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সূজনশীল মেধা অনুসন্ধানে সমন্বিত কর্মসূচী গ্রহণ করেছে। মুজিববর্ষ উপলক্ষে এ বছর প্রতিযোগিতার নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু সূজনশীল মেধা অব্যেষণ প্রতিযোগিতা। সভাপতি উক্ত কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর কমিটির সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পুঁটিয়া শিক্ষা মন্ত্রালয় হতে প্রাপ্ত এতদ্সংক্রান্ত নীতিমালাটি সভায় পাঠ করে শুনান। অতঃপর, অত্র উপজেলায় সূজনশীল মেধা অব্যেষণ প্রতিযোগিতা/২০২২ আয়োজন উপলক্ষে বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসমতিক্রমে গৃহিত হয়।

আলোচ্যসূচী ১

প্রতিযোগিতার সময় স্থান নির্ধারণ : এ প্রতিযোগিতা যথা নিয়মে দুর্গাপুর মহিলা কলেজে সকাল ১০.০০ ঘটিকার সময় ১৮/০৪/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তারপূর্বেই ১৩/০৪/২২ তারিখের মধ্যে প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে প্রতিটি প্রতিষ্ঠান থেকে প্রতি বিষয়ে একজন করে শ্রেষ্ঠ শিক্ষার্থীর তালিকা ১৩/০৪/১৯২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রতিযোগিতা বাছাই পদ্ধতি ।

ক্রমিক নং	শ্রেণি	বিষয়				মনোনয়নকৃত মোট ছাত্র/ছাত্রী সংখ্যা
		ভাষা ও সাহিত্য	বিজ্ঞান	গণিত ও কম্পিউটার	বাংলাদশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজ বিজ্ঞান)	
০১	৬ষ্ঠ থেকে ৮ম-সমপর্যায়	১	১	১	১	৮
০২	৯ম থেকে ১০ম-সমপর্যায়	১	১	১	১	৮
০৩	একাদশ থেকে দ্বাদশ-সমপর্যায়	১	১	১	১	৮
				মোট		১২ জন

আলোচ্যসূচী ২

সেরা মেধা বাছাইয়র পদ্ধতি :

ভাষা ও সাহিত্য (সর্বমোট নম্বর -৫০):

ক. তৎক্ষনিক রচনা প্রতিযোগিতা ( বাংলা ও ইংরেজি, লিখিত)- নম্বরঃ ১০+১০

খ. পর্যায়ক্রমে গল্প বলা- নম্বর-১৫

গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি)- নম্বর-১৫

৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান)(সর্বমোট নম্বর -৫০):

ক.MCQ- নম্বর-১০

খ. বিজ্ঞান বিষয়ক রচনা- নম্বর-১০

গ. বিজ্ঞান মেলায় প্রকল্প উপস্থাপন- নম্বর-৩০

গণিত ও কম্পিউটার : (সর্বমোট নম্বর -৫০):

ক.গণিত ( লিখিত ও মৌখিক মূল্যায়ন)-নম্বর-২০+১০

খ. কম্পিউটার ( সমস্যা সমাধান)- নম্বর- ২০

বাংলাদশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজ বিজ্ঞান) (সর্বমোট নম্বর -৫০):

ক. লিখিত সৃজনশীল MCQ- নম্বর- ২০

খ. MCQ- নম্বর- ১০

গ. মৌখিক- নম্বর-২০

আলোচ্য সুচী : ০৩

বিষয় বিশেষজ্ঞদের সমন্বয়ে বিচারক প্যানেল গঠন : সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, (সৃজনশীল নীতিমালা- ২০১২, সংশোধিত-এপ্রিল ২০২২, অনুচ্ছেদ-৫.৫.১) সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা সুষ্ঠু, সুন্দর ও নিরপেক্ষভাবে সম্পাদনের নিমিত্ত পার্শ্ববর্তী উপজেলা হতে বিচারক প্যানেল গঠনের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় বিগত সময়ে পুঁঠিয়া উপজেলা থেকে বিচারক মেয়া হয়েছিল, বিধায় এ বছরও পুঁঠিয়া উপজেলা থেকে বিচারক নেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো এবং এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা করবেন, প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা গ্রহণ করবেন বলে সিদ্ধান্ত গৃহিত হলো। অনুরূপভাবে পুঁঠিয়া উপজেলা থেকে বিচারক চাইলে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হলো। বিচারকগণ নীতিমালা অনুযায়ী বিষয়ভিত্তিক প্রশ্নপত্র প্রনয়ণ পূর্বক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহী এর নিকট জমা দিবেন। তাঁরা নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সম্মানী ভাতা প্রাপ্ত হবেন। বিষয়টি সর্বসমতিক্রমে অনুমোদন করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

  
০৭-০৮-২০২২


(মোঃ সোহেল রানা)  
উপজেলা নির্বাহী অফিসার  
দুর্গাপুর, রাজশাহী।

স্মারক নম্বর- উমাশিতা/দুর্গাপুর/রাজ/২০২২/৭৬

তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ ।

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০২। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর/পুঁঠিয়া, রাজশাহী।
- ০৬। অফিস কপি।

  
০৭-০৮-২২  
(মোহাম্মদ তাহিদুল হক)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
দুর্গাপুর, রাজশাহী।